

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
কার্যক্রম-১ শাখা
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪২.০২.০০৮.১৪.২৫৬

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩৩
২১ এপ্রিল ২০২৬

বিষয়: পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের ব্যাংক সুদের ২৫% অর্থ Sonali Bank PLC, Agargaon Branch, Dhaka, Current Account Number: 4440433005295 -তে প্রেরণ।


সূত্র: ১। সকম/কর্ম-১শা/নীতিমালা-০২/২০১৩-৫৯৪, তারিখ: ১৭ ডিসেম্বর ২০১৩
২। ৪১.০১.০০০০.০৪২.০২.০০৮.১৪.৮৩.৫৫৫, তারিখ: ২৯ জানুয়ারি ২০১৪
৩। ৪১.০১.০০০০.০৪২.০২.০০৮.১৪.৫৫৫.৫৫২, তারিখ: ১৪ মে ২০১৪
৪। ৪১.০১.০০০০.০৪২.০২.০০৮.১৪.৬৯৭.৭০, তারিখ: ১২ জুন ২০১৭

উপর্যুক্ত বিষয় এবং সূত্রস্থ পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের ক্ষুদ্রঋণ খাতের ঘূর্ণায়মান তহবিলের ব্যাংকে গচ্ছিত অর্থের উপর প্রাপ্ত ব্যাংক সুদের অর্থ 'পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ৩য় সংস্করণ' এবং মোটর সাইকেল ক্রয়ের জন্য বিশেষ ঋণ সুবিধা নীতিমালা-২০১৩ অনুযায়ী ২৫% অর্থ 'মোটর সাইকেল ক্রয়ে বিশেষ ঋণ' হিসেবে ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

প্রতি বছর জুলাই মাসে উপজেলার 'কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার' হিসাব থেকে অবশিষ্ট ২৫% অর্থ "ব্যাংক সুদের অর্থ মোটর সাইকেল ক্রয়ের বিশেষ ঋণ" শিরোনামে পরিচালিত Current Account Number: 4440433005295, Routing Number: 200260040, Sonali Bank PLC, Agargaon Branch, Dhaka -তে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ইলেকট্রনিক মাধ্যমে প্রেরণ করতে হবে। অতঃপর, প্রেরণের সত্যায়িত প্রমাণক পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

২। ব্যাংক সুদের ২৫% অর্থ প্রেরণের জন্য সূত্রস্থ স্মারকে নির্দেশনা প্রদান করা হলেও সকল উপজেলা সমাজসেবা কার্যালয় হতে বর্ণিত অর্থ প্রেরণ করা হয়নি। কর্তৃপক্ষের সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে অর্থ প্রেরণ না করা দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী।

৩। এমতাবস্থায়, কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে যে সকল উপজেলা কার্যালয় এখনো উক্ত অর্থ প্রেরণ করেনি, তাদেরকে ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বর্ণিত অর্থ প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। অর্থ প্রেরণে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


১২.০৪.২০২৬
মোস্তফা মোস্তাকুর রহিম খান
পরিচালক (কার্যক্রম)
ফোন: +৮৮ ০২ ৫৫০০৭০২৩
ইমেইল: dir.prog@dss.gov.bd

উপজেলা সমাজসেবা অফিসার (সকল)

.....।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ) সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), [তাকে ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে জেলাধীন সকল উপজেলার সমন্বিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস কপি।